




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩-২৪৫

২৩/০৪/২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ ব্যক্তিগোয়ারী সঞ্চয় ও কর্জ ফাইল (খতিয়ান) ব্যবহার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা”(২য় সংশোধিত) প্রকল্পের সকল কার্যক্রম মাইক্রো-ফাইন্যান্স এমআইএস সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। সফটওয়্যারে সদস্যদের আর্থিক লেনদেনের সকল তথ্য সংরক্ষিত থাকে। সেই আলোকে উপজেলায় সকল সমিতির সদস্যগোয়ারী সঞ্চয় ও ঋণের তথ্য সমূহের হার্ডকপি সংরক্ষণ করা প্রয়োজন। ইতোমধ্যে প্রকল্পভূক্ত প্রত্যেকটি উপজেলায় ৫০ (পঞ্চাশ) টি করে বক্স ফাইল ত্রয়ের বিপরীতে অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রত্যেকটি সমিতির হিসাবের জন্য ১ টি করে বক্স ফাইল ব্যবহার করতে হবে। প্রতি মাসের ১ম কর্ম দিবসে প্রত্যেকটি সমিতির ১ (এক) সেট সাপ্তাহিক আদায় সীট (Without Data দিয়ে প্রিন্টেড) প্রকল্পের হিসাব সহকারী, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার স্বাক্ষর পূর্বক সমিতিগোয়ারী পৃথক পৃথক বক্স ফাইলে সংরক্ষণ করতে হবে যা ঐ সমিতির ব্যক্তিগোয়ারী সঞ্চয় ও কর্জ ফাইল (খতিয়ান) হিসাবে বিবেচিত হবে। এমতবস্থায়, আপনার উপজেলায় প্রকল্পের সুফলভোগী সদস্যদের সঞ্চয় ও ঋণের তথ্য নিয়মিতভাবে সংরক্ষণের জন্য বর্ণিত ব্যক্তিগোয়ারী সঞ্চয় ও কর্জ ফাইল (খতিয়ান) ব্যবহার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।


(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
-----উপজেলা
-----জেলা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৬। হিসাব সহকারী (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----।
- ৭। অফিস কপি।